দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 26 AUG 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ভাঙ্গন কবলিত স্কুল নিলামে ॥ বিপাকে সাঘাটার ২৩৬ শিক্ষার্থী

নিজস্ব সংবাদদাতা, গাইবান্ধা, ২৫ আগস্ট ॥ সাঘাটা উপজেলার হলদিয়া ইউনিয়নের চর গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নদী ভাঙ্গন কবলিত ১০ লাখ টাকার ভবন নিলামের মাধ্যমে মাত্র ১ লাখ ৩১ হাজার টাকায় বিক্রি করে দেয়া হয়েছে। জানা গেছে, তাৎক্ষণিকভাবে ব্যানার টানিয়ে বিদ্যালয়টি নিলামে বিক্রির চেষ্টা করা হলেও নিলাম ডাকে কেউ অংশ গ্রহণ করেনি। ফলে ভবনটি বিক্রয় করার জন্য সাঘাটা-বন্দর ও বোনারপাড়ার বিভিন্ন এলাকায় মাইকিং করে প্রচার চালানো হয়। পরবর্তীতে রবিবার নামমাত্র মূল্যে ভবনটি নিলামে ক্রয় করেন হলদিয়া ইউনিয়নের আব্দুল কুদ্দুস। এদিকে নিলামকৃত ওই বিদ্যালয়ের ভবনটি ভেঙ্গে নিয়ে যাওয়ায় চরাঞ্চলের ২৩৬ জন শিক্ষার্থী চরম বিপাকে পড়েছে।